

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮৭১

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - দানের মর্যাদা ও কৃপণতার পরিণাম

আরবী

وَعَنْ أَبِي الدَّرْدَاءِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَثَلُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَثَلُ الَّذِي يَتُصَدَّقُ عِنْدَ مَوْتِهِ أَوْ يُعْتِقُ كَالَّذِي يُهْدِي إِذَا شَبِعَ» . رَوَاهُ أَحْمَدُ وَالنَّسَائِيُّ وَالدارمي وَالتِّرْمِذِي وَصحح

বাংলা

১৮৭১-[১৩] আবুদ্ দারদা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি মৃত্যুর দুয়ারে এসে দান সদাকাহ্ (সাদাকা) অথবা গোলাম আযাদ করে তার দৃষ্টান্ত ঐ ব্যক্তির মতো, যে কাউকে পেট ভরা অবস্থায় (তুহফা, হাদিয়াহ্, খাবার) দান করে। (তিরমিয়ী, নাসায়ী, দারিমী; ইমাম তিরমিয়ী এ হাদীসটিকে সহীহ বলেছেন।)[1]

ফুটনোট

[1] য'ঈফ: নাসায়ী ৩৬১৪, আত্ তিরমিয়ী ২১২৩, আহমাদ ২১৭১৮, দারিমী ৩২৬৯, য'ঈফ আত্ তারগীব ২০৪২। কারণ এর সানাদে আবূ হাবীব আত্মত্বয়ী একজন মাজহূল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আল্লামা ত্বীবী বলেছেন, সময়মত দান না করে অসময় অর্থাৎ বিলম্বে দান করার দৃষ্টান্ত হলো ঐ ব্যক্তির ন্যায় যে খাওয়ার সময় নিজকে প্রাধান্য দিয়ে একাকী খায়, অন্য কাউকে সঙ্গে নেয় না, অতঃপর তার পেট যখন ভর্তি হয়ে যায় আর খেতে পারে না তখন অন্যকে দিয়ে দেয়। অথচ প্রশংশিত হচ্ছে ঐ ব্যক্তি যে নিজের উপর অন্যকে অধিক ক্ষেত্রে প্রাধান্য দেয়। যেমন আল্লাহ তা'আলা ইরশাদ করেছেন, অর্থাৎ ''তাঁরা (আনসারগণ) অভাবগ্রস্ত হওয়া সত্ত্বেও নিজেদের উপরে তাঁদেরকে (মুহাজিরগণকে) প্রাধান্য দেয়।" (সূরাহ্ আল হাশর- ৫৯: ৯)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন